যুগান্তর

তারিখ 13 OCT 2002
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি'র ডিন পুরস্কার ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের 'ডিন পুরস্কার' ঘোষণা করা হয়েছে। পুরস্কারপ্রাপ্তরা হলেন দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাইমা হক, বাংলা বিভাগের অধ্যাপক সৈয়দ মোহাম্মদ শাহেদ এবং সংস্কৃত ও পালি বিভাগের শিক্ষক সুমন কান্তি বড়ুয়া। এছাড়া ফাউন্ডেশন কোর্সে সর্বোচ্চ নম্বর পাওয়া আরও দু'জন ছাত্রী যৌথভাবে এ পুরস্কার লাভ করেছেন। এরা হলেন ইংরেজি বিভাগের তাহমিনা জামান ও মৌসুমী আখতার ফ্লোরা।

ড. নাইমা হক ভারতে প্রকাশিত 'জার্নাল অব ইন্ডিয়ান কাউন্সিল অব ফিলোসফিক্যাল রিসার্চ'-এ 'রাসেলস আরগুমেন্ট এগেইন্সট ফ্রিজিয়েন সেনস' শীর্ষক প্রকাশনার জন্য বিদেশে প্রকাশিত শ্রেষ্ঠ প্রকাশনার পুরস্কারটি লাভ করেন। শিক্ষা কার্যক্রম ও গবেষণামূলক প্রকাশনাকে উৎসাহিত করার লক্ষ্যে কলা অনুষদ ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ থেকে উপরোক্ত চারটি বিষয়ে এ পুরস্কার প্রবর্তন করে।